

উপবৃত্তির টাকা বিতরণে অনিয়মের অভিযোগ
ইসলামপুরে অভিভাবক ও
শিক্ষার্থীদের বিক্ষোভ

জামালপুর প্রতিদিন

জামালপুরের ইসলামপুর উপজেলার চরপুটিমারী ইউনিয়নে প্রাথমিক বিদ্যালয়ে উপবৃত্তির টাকা বিতরণে অনিয়ম ও দুর্নীতি প্রতিবাদে মঙ্গলবার বিক্ষোভ মিছিল ও সমাবেশ করেছে অভিভাবক ও শিক্ষার্থীরা। অভিযোগ সূত্রে জানা যায়, উপজেলার চরপুটিমারী ইউনিয়নের সরকারি ও বেসরকারি ১০টি প্রাথমিক বিদ্যালয়ের উপবৃত্তির টাকা সোমবার সাজলেচর রেজিস্ট্রার বেসরকারি প্রাথমিক বিদ্যালয়ে কেন্দ্র স্থাপন করে বিতরণ করা হয়। উপবৃত্তির টাকা বিতরণের সময় ওই বিদ্যালয়ের শিক্ষার্থীদের কাছ থেকে বিভিন্ন অজুহাত দেখিয়ে টাকা কর্তন করা হয়। এছাড়া অনেক শিক্ষার্থীকে উপবৃত্তির টাকা প্রদান না করেই বিনয় দেন শিক্ষকরা। এই ঘটনার জের ধরে মঙ্গলবার সকালে দশটি প্রাথমিক বিদ্যালয়ের প্রায় তিন শতাধিক অভিভাবক ও শিক্ষার্থী চরপুটিমারী ইউনিয়নের বেনুয়ারচর বাজার থেকে বিক্ষোভ মিছিল বের করে। পরে বেনুয়ারচর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সামনে এসে মিছিলটি সমাবেশে রূপ নেয়। সমাবেশে বক্তব্য দেন অভিভাবক শাহমত হোসেন, রেনু বেগম, আহমমতুল্লা, নাজমা খাতুন, কেরামতুল্লাহ প্রমুখ। এ ব্যাপারে বেনুয়ারচর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধানশিক্ষক আব্দুল মোতালেব জানান, সরকারিভাবে বরাদ্দ অনুযায়ী উপবৃত্তির টাকা বিতরণ করা হয়েছে।